

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬৬৯

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ মসজিদে যাওয়ার ফ্যীলত

আরবী

وَعَن جَابِرٍ قَالَ: خَلَتِ البِقَاعُ حَولَ المَسْجِدِ فَأَرَادَ بَنُو سَلِمَةَ أَنْ يَنْتَقِلُوا قُرْبَ المَسْجِدِ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ عَلَيْ فَقَالَ لَهُمْ بَلَغَنِي أَنَّكُم تُريدُونَ أَنْ تَنْتَقِلُوا قُرْبَ المَسْجِدِ ؟ قَالُوا : نَعَم يَا رَسُولَ اللهِ قَدْ أَرَدْنَا ذَلِكَ فَقَالَ بَنِي سَلِمَةَ دِيَارَكُم تُكْتَبْ آثارُكُمْ دِيَارَكُمْ دِيَارَكُمْ تُكْتَبْ آثارُكُمْ) فَقَالُوا : مَا يَسُرُّنَا أَنَّا كُنَّا تَحَوَّلْنَا رواه مسلم وروى البخاري معناه من رواية أنس

বাংলা

(৬৬৯) জাবের (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, মসজিদে নববীর আশে-পাশে কিছু জায়গা খালি হল। (এ দেখে) সালেমা গোত্র মসজিদে (নববী) এর নিকট স্থানান্তরিত হবার ইচ্ছা প্রকাশ করল। এ খবর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানতে পারলে তিনি তাদেরকে বললেন, আমি জানতে পেরেছি যে, তোমরা মসজিদের কাছে চলে আসতে চাচ্ছ! তারা বলল, জী হাাঁ, হে আল্লাহর রসূল! আমরা এ ইচ্ছা করেছি। তিনি বললেন, হে সালেমা গোত্র! তোমরা নিজেদের (বর্তমান) বাড়িতেই থাক। তোমাদের (মসজিদের পথে) পদক্ষেপসমূহের চিহ্ণগুলি লিপিবদ্ধ করা হবে। তোমরা নিজেদের (বর্তমান) বাড়িতেই থাক। তোমাদের (মসজিদের পথে) পদক্ষেপসমূহের চিহ্ণগুলি লিপিবদ্ধ করা হবে। তারা বলল, (মসজিদের নিকট) স্থানান্তরিত হওয়া আমাদেরকে আনন্দ দেবে না।

ফুটনোট

(মুসলিম ১৫৫১, ইমাম বুখারীও আনাস (রাঃ) হতে এ মর্মে হাদীস বর্ণনা করেছেন। ৬৫৫-৬৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন